



স্মারক নম্বর: ৪০.০২.০০০০.২০৪.২৫.০১৫.২২.৬০২

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৯

০২ অক্টোবর ২০২২

বিষয়: যশোর জেলার সাগরদাঁড়ী গ্রামে বাংলা সাহিত্যের প্রথম আধুনিক কবি মাইকেল মধুসূদন দত্তের ঐতিহাসিক দত্ত বাড়িতে আয়োজিত শিক্ষা সফরের প্রবেশাধিকার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন, মিরেরডাঙ্গা, খুলনা বাংলাদেশ শ্রম আইনের উপর প্রশিক্ষণ প্রদানের জন্য বিভাগীয় পর্যায়ে একটি সরকারী প্রশিক্ষণ কেন্দ্র। সরকারের উপযুক্ত কর্তৃপক্ষ হিসেবে এ শিক্ষায়তন তার অধীক্ষেত্রে সরকারী, বেসরকারী, স্বায়ত্তশাসিত এবং ব্যক্তিমালিকানাধীন শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শ্রমিক নেতৃবৃন্দ ও সাধারণ শ্রমিকগণকে বাংলাদেশ শ্রম আইন, শ্রম বিধিমালা, শ্রম প্রশাসন, শ্রম পরিদর্শন, আন্তর্জাতিক শ্রম সংস্থা, বঙ্গবন্ধুর জীবন ও তাঁর শ্রম দর্শন এবং সমসাময়িক গুরুত্বপূর্ণ আইন ও বিধির উপর বিভিন্ন মেয়াদে নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও সচেতনতা তৈরী থাকে। প্রশিক্ষণের অংশ হিসেবে এ শিক্ষায়তনের আয়োজনে চার সপ্তাহ মেয়াদী ৭৮ তম শিল্প সম্পর্ক (আই, আর) কোর্স গত ১৮.০৯.২০২২ খ্রিঃ তারিখে শুরু হয়েছে যা আগামী ১৩.১০.২০২২ খ্রিঃ তারিখে সমাপ্ত হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে সরকারী, বেসরকারী এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে মোট ৪৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন।

২.০। প্রশিক্ষণ কোর্সের অবিচ্ছেদ্য অংশ শিক্ষা সফর। উল্লিখিত কোর্সের প্রশিক্ষণার্থীগণ শিক্ষা সফরের জন্য কবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান যশোর জেলার সাগরদাঁড়ী গ্রামের ঐতিহাসিক দত্ত বাড়িকে নির্ধারণ করেছেন। এ শিক্ষায়তনের কর্মকর্তা-কর্মচারী এবং ৪৩ জন প্রশিক্ষণার্থী সমন্বয়ে ৫০ জনের একটি দল আগামী ১০.১০.২০২২ খ্রিঃ তারিখে সাগরদাঁড়ী গ্রামের কবি মাইকেল মধুসূদন দত্তের ঐতিহাসিক দত্ত বাড়িতে শিক্ষা সফরের জন্য ভ্রমণ করবেন।

৩.০। এমতাবস্থায়, আগামী ১০.১০.২০২২ খ্রিঃ তারিখে এ শিক্ষায়তনের দলকে কবি মাইকেল মধুসূদন দত্তের ঐতিহাসিক দত্ত বাড়িতে বিনা টিকিটমূল্যে প্রবেশাধিকারসহ সার্বিক সহযোগিতা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২-১০-২০২২

মোঃ মিজানুর রহমান

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৪৭৭৭-৩২৯২৬

ইমেইল: [irikhulna@gmail.com](mailto:irikhulna@gmail.com)

আঞ্চলিক পরিচালক, প্রবৃত্ত অধিদপ্তর, খুলনা বিভাগ,  
খুলনা।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.২০৪.২৫.০১৫.২২.৬০২/১(৬)

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৯

০২ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা।

- ২) জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
- ৩) পরিচালক, পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ), শ্রম অধিদপ্তর, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৫) কাস্টোডিয়ান, মাইকেল মধুসূদনদত্ত বাড়ি, সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর।
- ৬) অফিস কপি, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, খুলনা।



২-১০-২০২২

মোঃ মিজানুর রহমান

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)